

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), নায়েম ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা-১২০৫

ফ্যাক্স: ০২-৫৫১৬৭৪২৭, ওয়েবসাইট: www.ntrca.gov.bd

ই-মেইল: ntrca2005@yahoo.com

স্মারক নং: বেশিনিক/শিশি/বে.শি.প্রতিষ্ঠানে শি.নিয়োগ/৫৭৪/২০১৬/১৮৮

তারিখ: ২৭ অক্টোবর ২০১৬ খ্রিঃ


বিষয়: নিবন্ধন সনদসহ শিক্ষাগত সার্টিফিকেটসমূহ যাচাই এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিষয় প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে, এনটিআরসিএ হতে গত ০৯.১০.২০১৬ তারিখে অনলাইনে যে সকল শিক্ষক প্রার্থীকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে তাদেরকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ প্রসঙ্গে ৩০.১২.২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-১০৮১ নং স্মারকে জারিকৃত শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের আলোকে ০৯.১০.২০১৬ তারিখ হতে ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডিতে সিদ্ধান্ত নিয়ে নিয়োগপত্র প্রদান করতে হবে। কোন নিয়মিত কমিটি/গভর্নিং বডি না থাকলে নিয়োগ স্থগিত থাকবে এবং নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠিত হওয়ার এক মাসের মধ্যে নিয়োগ সম্পন্ন করতে হবে। তবে কোন পদে নিয়োগের বিরুদ্ধে আদালতের নিষেধাজ্ঞা থাকলে তা মেনে চলতে হবে। ইতোমধ্যে সুপারিশকৃত সকল পদের বিপরীতে যাদের নিয়োগপত্র প্রদান করা হয়েছে/হয়নি তার বিস্তারিত তথ্য আগামী ৩১.১০.২০১৬ তারিখের মধ্যে <http://ngi.teletalk.com.bd>-এর Appointment Status-এর মাধ্যমে জানাতে অনুরোধ করা হলো।

২। উক্তরূপ নিয়োগপত্র প্রাপ্তগণকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যোগদানপত্র প্রদানকালে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রদর্শন করতে হবে। প্রতিষ্ঠান প্রধান সকল সার্টিফিকেট নিজে (প্রয়োজনে অন্যান্য শিক্ষকদের সহায়তায়) পরীক্ষা করে দেখবেন এবং এক সেট সত্যায়িত অনুলিপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন। কোন সার্টিফিকেটের যথার্থতা নিয়ে সন্দেহ হলে তা সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে পরামর্শক্রমে অবিলম্বে সংশ্লিষ্ট বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে যাচাইয়ের উদ্যোগ গ্রহণ করবেন। এভাবে যাচাইকালে কোন সার্টিফিকেট ভূঁয়া/সঠিক নয় মর্মে প্রতীয়মান হলে এনটিআরসিএ-কে তা অবহিত করতে হবে।

৩। একইভাবে যোগদানকালে এনটিআরসিএ'র প্রদত্ত নিবন্ধন সনদও যাচাই করে দেখতে হবে এবং এ ক্ষেত্রে যদি কোন সন্দেহ দেখা দেয় তাহলে তা অবিলম্বে এনটিআরসিএ-কে জানাতে হবে। তাছাড়া কোন সুপারিশকৃত প্রার্থীর নিবন্ধন সনদ যদি সংশ্লিষ্ট পদের জন্য সরকার যাচিত সর্বশেষ প্রয়োজনীয় যোগ্যতার সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে বা প্রার্থীর ভুল তথ্য দেয়ার কারণে পুরুষ কোন প্রার্থী মহিলা কোটায় সুপারিশকৃত হলে সংশ্লিষ্ট যোগদানপত্র গ্রহণ স্থগিত রেখে অবিলম্বে সিদ্ধান্তের জন্য এনটিআরসিএ-কে জানাতে হবে।

৪। কোন পদ শূন্য নয় অথচ ভুলক্রমে চাহিদা দেওয়ার কারণে কাউকে সুপারিশ করা হয়েছে অথবা কোন পদে শূন্য সংখ্যার চেয়ে বেশী সংখ্যার চাহিদা দেওয়া হয়ে থাকলে যে কয়টি পদ শূন্য আছে সে পদসমূহে এনটিআরসিএ'র ফলাফল তালিকার মেধাক্রম অনুযায়ী নিয়োগপত্র প্রদান করতে হবে। এক্ষেত্রে মেধাক্রম অনুসরণ না করা হলে তা অনিয়ম/দুর্নীতি হিসেবে গণ্য করে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মোঃ তোহিদুর রহমান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)।

বিতরণ:

প্রতিষ্ঠান প্রধান

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (সকল)।